(প্রেস বিজ্ঞপ্তি)

প্রকৌশল বিভাগের সমন্বয় সভায় মেয়র

কাজে গাফিলতি হলে ব্যবস্থা

চট্টগ্রাম- ৩১ অক্টোবর ২০১৮

আসন্ন একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে নাগরিক ভোগান্তি সহনীয় পর্যায়ে আনতে নগরীর সকল সড়কের উন্নয়ন ও সংস্কার কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করার জন্য প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ঠদের প্রতি নির্দেশ দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন । আজ বুধবার সকালে কর্পোরেশনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগের ৩১ তম মাসিক সমন্বয় সভায় সিটি মেয়র এ কথা বলেন। সভায় সভাপতিত্ব করেন চসিকের প্রধান প্রকৌশলী লে.কর্ণেল মহিউদ্দিন আহমেদ। এতে অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক,তত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, আনোয়ার হোছাইন, কামরুল ইসলাম, আবু ছালেহ সহ নির্বাহী প্রকৌশলী সহকারী ও উপ-সহকারীগণ উপস্থিত ছিলেন।

তিনি বলেন জনভোগান্তি কমাতে সর্বাত্মক সহযোগিতা দিচ্ছি । আরো সহযোগিতার কথা উল্লেখ করে মেয়র বলেন কারো গাফিলতির জন্য চলমান কোনো উন্নয়ন কাজের জন্য নির্বাচনকালীন সময়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রশ্নবিদ্ধ হলে দায়ীব্যক্তিকে ছাড় নয়। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে । তাই নিজের দায়বদ্ধতা থেকে নিজের দায়িত্ব পালনে আন্তরিক হোন। নিজের কাজের প্রতি কোনো ধরনের গাফিলতি না হয় সে ব্যাপারে তিনি সকলকে সতর্ক করে দেন। মেয়র বলেন নগরীর যে সকল সড়ক এখনো কাঁচা রয়েছে সে সকল সড়কের তালিকাভুক্তির কাজে সংশ্লিষ্ট প্রকৌশলীদের সতর্ক থাকতে হবে। যাতে কারো ব্যক্তিগত রাস্তা অন্তর্ভুক্ত না হয় । মেয়র আরো বলেন চট্টগ্রাম ওয়াসা নগরীর যে সকল সড়ক সংযোগ লাইন স্থাপনের জন্য চসিকের কাছ থেকে রাস্তা কাটার অনুমতি চেয়েছে সেই ক্ষেত্রে কাজ শেষ করার সময়সীমা নির্ধারণপুর্বক পত্র প্রদানসহ যা কাটা সম্পন্ন হয়েছে তা দ্রুত সময়ে মধ্যে মেরামত করার জন্য নির্দেশ দেন । এছাড়া কোনো সংস্থা অনুমোদনবিহীন নগরীর কোনো রাস্তা যাতে কর্তন করতে না পারে,সেব্যাপারে নজরদারী ,তদারকী করার পরামর্শ দেন মেয়র। নগরীর প্রধান প্রধান সড়কে হাট-বাজার বসা প্রসংগে মেয়র বলেন যত্রতত্র হাট বাজার নয় । পরিকল্পিতভাবে হাট বাজার বাসানো প্রয়োজন।যত্রতত্র হাট বাজার বসার ফলে পরিবেশের ক্ষতিসহ নিত্যযানজট সৃষ্ঠি হচ্ছে । এতে নাগরিক ভোগান্তি বৃদ্ধি পাচ্ছে। সুস্থ পরিবেশের জন্য যা কোনোভাবে কাম্য নয় । তাই তিনি কালুরঘাট,শাহ আমানত সেতু এবং বহদ্দারহাট এলাকায় আধুনিক ও পরিবেশ সম্মত কিচেন মার্কেট নির্মাণের কথা উল্লেখ করেন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চলমান উন্নয়ন কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

প্রেস বিজ্ঞপ্তি

দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড আওয়ামীলীগের ২নং ইউনিটে নতুন সদস্য সংগ্রহ
ও নবায়ন কার্ড বিতরণ অনুষ্ঠানে ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম- ৩১ অক্টোবর ২০১৮

দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড আওয়ামীলীগের ২নং্ ইউনিটে নতুন সদস্য সংগ্রহ ও নবায়ন কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী বলেন তৃণমূল পর্যায়ে সংগঠনকে শক্তিশালী করে আগামী জাতীয় সংসদ নির্বাচনে নৌকার বিজয়কে সুনিশ্চিত করতে হবে। তিনি প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকারের উন্নয়ন কর্মকান্ড জনগণের কাছে পৌছে দেয়ার জন্য নেতাকর্মীদের আহবান জানান।

গতকাল দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড আওয়ামীলীগের ২নং ইউনিটে নতুন সদস্য সংগ্রহ ও নবায়ন কার্ড বিতরণ অনুষ্ঠানে ওয়ার্ড আওয়ামীলীগ ২ নং ইউনিটের সভাপতি আনিসুর রহমানের সভাপতিত্বে ও সাধারন সম্পাদক নাছির উদ্দীনের এর পরিচালনায় সভায় বক্তব্য রাখেন থানা আওয়ামীলীগের সভাপতি হাজী সিদ্দিক আলম, ওয়ার্ড আওয়মীলীগ সভাপতি নুরুল আজম নুরু,ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক মহি উদ্দিন মহিম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাজী বেলাল, হাজী মো. ইয়াছিন, মুনসুর আলম পারভেজ, বখতেয়ার ফারুক, আবদুল মান্নান, কামাল উদ্দিন বাদল, আলহাজ্ব জাবেদ হোসেন, জামশেদ শাহ, নুরুল খারেছ মজুমদার, লিটন দাশ সহ অন্যরা।

ফিরিঙ্গী বাজার ওর্য়াডস্থ বান্ডেল ও বারমাসিয়া খালের দু' পাশের
অধিবাসীরা মেয়রের সাথে সাক্ষাত

চট্টগ্রাম- ৩১ অক্টোবর ২০১৮

নগরীর ফিরিঙ্গী বাজার ওর্য়াডস্থ বান্ডেল ও বারমাসিয়া খালের দু' পাশের কয়েশত এলাকাবাসী আজ বুধবার সকালে সিটি কর্পোরেশন কনফারেন্স হলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে তারা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নগরীর জলাবদ্ধতা নিরসন প্রকল্প প্রসংগ তুলে ধরে বলেন, এই খালের দু' পাশে ১৫ ফুট বিশিষ্ট রাস্তা নির্মানে সীমানা চিহ্নিত কাজ চলছে। এতে করে দু' পাশের বাসিন্দাদের বাস্তুহারা আশংকা তৈরী হয়েছে। তারা এ ব্যাপারে বাস্তুহারা না হয় সে ব্যাপারে সিটি মেয়রের সহযোগিতা চেয়েছেন। মেয়র বলেন এ প্রকল্পই সরকারে জনকল্যানমূখি কাজের অংশ। এ সুফল ভোগ করবে নগরবাসী। তাই বৃহত্তর স্বার্থে এই প্রকল্পের কাজ যাতে বাধাগ্রস্থ না হয় সে ব্যপারে আমাদের সকলকে সচেতন হতে হবে। তবে প্রকল্পটি বাস্তবায়িত হবার পথে যাদে ক্ষতিগ্রস্থ না হয় সে ব্যাপারেও আমাদের যত্নবান হতে হবে। তবে প্রকল্পটি বাস্তবায়িত হবার পথে যাদের ক্ষতিগ্রস্থ হবার আশংখা রয়েছে সেদিকে মানবিক বিবেচনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অবশ্যই আমলে নেবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন জনগণের স্বার্থে উন্নয়ন। জনগণের দূর্ভোগ করে উন্নয়ন নয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগনের কথা বিবেচনা করে দেশের সকল উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করে থাকেন। এক্ষেত্রে চট্টগ্রাম নগরী তার ব্যতিক্রম নয়। মেয়র তাঁর পক্ষে যা কিছু করনীয় তা বাস্তবায়নে সচেস্ট থাকবেন বলে তাদেরকে আশ্বস্থ করেন। এছাড়া প্রস্তাবিত প্রকল্প এলাকার অধিবাসিদেরকে মাননীয় প্রধানামন্ত্রী ও চট্টগ্রাম জেলা প্রশাসকের বরাবরে স্মারকলিপি প্রদানের দেন মেয়র। এ ব্যাপারে স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব এলাকার বাসিন্দাদের স্বার্থ সংরক্ষণে সচেষ্ট থাকবেন বলে উল্লেখ করেন। এসময় সফিক আদনান, রফিকুল হোসেন বাচ্চু, ফারুক আহমেদ, হাজী জহুর সওদাগর, আবদুল হামিদ সওদগর, মোকতার সওদাগর, আবদুল কাদের দোভাষ, হাজী শামসুল আলম, হাজী আবদুল হালিম, ফরহান আহমেদ, আবদুল আজিজ, লক্ষীপদ দাশ, কুঞ্জু বিহারী দাশ, মো. সেকান্দর, শহীদ উল্লাহ খান, খোরশেদ আলম রহমান, মো. সাইফুদ্দীন, জিয়াউদ্দিন শরীফ মিজান, ওসমান গনি মনিরু, মো. তাজু উদ্দীন, মো. জাহাঙ্গীর আলম, হাজী রফিক প্রমূখ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি

বিভাগীয় মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা ও

বিজয় মেলা পরিষদের কার্যালয় উদ্বোধন কাল

চট্টগ্রাম- ৩১ অক্টোবর ২০১৮

বিভাগীয় মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা :

বাংলাদেশ আওয়ামীলীগ মুক্তিযুদ্ধ বিষয়ক উপ-কমিটির সাথে চট্টগ্রাম বিভাগের সকল জেলা,উপজেলা ও মহানগরের মুক্তিযোদ্ধাদের সাথে আগামীকাল ০১ নভেম্বর সকাল ১০ টায় নগরীর ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ আওয়ামীলীগের উপদেষ্টা পরিষদ সদস্য ও মুক্তিযুদ্ধ বিষয়ক উপ-কমিটির চেয়ারম্যান যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ রশিদুল আলম। এতে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন । এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

বিজয় মেলা পরিষদের কার্যালয় উদ্বোধন :

আজ বৃহস্পতিবার বিকেল ৩ টায় নগরীর এম এ আজিজ ষ্টেডিয়াম চত্বরে মাসব্যাপী মুক্তিযুদ্ধের বিজয় মেলা পরিষদের কার্যালয় উদ্বোধন করবেন মুক্তিযুদ্ধ বিজয় মেলা পরিষদের প্রধান পৃষ্ঠপোষক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন